# প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের কার্যক্রম

## Basic Management প্রশিক্ষণ

প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের আয়োজনে Basic Management শীর্ষক প্রশিক্ষণের ৩য় ও ৪র্থ ব্যাচের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আবদুল্লাহ নোমান প্রশিক্ষণ উদ্বোধন করেন। Basic Management প্রশিক্ষণের ব্যাচে উপ-সহকারী প্রকৌশলী এবং জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার পদমর্যাদার কর্মকর্তাগণ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।





## পাওয়ার সিস্টেম প্রটেকশন প্রশিক্ষণ

প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের আয়োজনে ডিপিডিসি'র উলন উপকেন্দ্রে পাওয়ার সিস্টেম প্রটেকশন বিষয়ক তিন দিনব্যাপী কারিগরি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। পরবর্তীতে পর্যায়ক্রমে এই প্রশিক্ষণের মাধ্যমে গ্রিড সিস্টেম প্রটেকশন, সাবস্টেশন অটোমেশন বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে। বিপিএমআই'র পরিবর্তে ডিপিডিসি'র নিজস্ব উদ্যোগে এ ধরণের প্রশিক্ষণ আয়োজন করার ফলে উল্লেখযোগ্য পরিমাণ আর্থিক সাশ্রয় হবে। উক্ত প্রশিক্ষণে মোট ১২ জন প্রকৌশলী অংশগ্রহণ করেন।






## ১৮ ও ১৯ তম বুনিয়াদি প্রশিক্ষণের প্রেজেন্টেশন অনুষ্ঠিত

গত ২০ অক্টোবর ডিপিডিসির সম্মেলন কক্ষে ১৮ ও ১৯ তম বুনিয়াদি প্রশিক্ষণের প্রেজেন্টেশন অনুষ্ঠিত হয়। ১৮ তম বুনিয়াদি প্রশিক্ষণে ৫০জন উপ-সহকারী প্রকৌশলী এবং ১৯তম বুনিয়াদি প্রশিক্ষণে ৩৮জন সহকারী প্রকৌশলী অংশগ্রহণ করেছেন।

প্রতিটি বুনিয়াদি প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীগণ ৪ টি গ্রুপে ভাগ হয়ে মোট ৮টি নির্ধারিত বিষয়ে প্রেজেন্টেশন প্রদান করেন। প্রত্যেক গ্রুপের প্রেজেন্টেশন পর্ব শেষে প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয় এবং পরীক্ষকগণ গুরুত্বপূর্ণ ফিডব্যাক প্রদান করেন। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালকসহ নির্বাহী পরিচালকগণ, কোম্পানি সচিব, মহাব্যবস্থাপক (অর্থ), মহাব্যবস্থাপক (আইসিটি) প্রেজেন্টেশন মূল্যায়ন করেন। ব্যবস্থাপনা পরিচালক প্রেজেন্টেশনের সার্বিক পারফর্মেন্সে সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও সকল প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরকে ধন্যবাদ জানান।



## ডিপিডিসি পরিচলনা পর্ষদে সদ্য যোগদানকৃত সম্মানিত সদস্যগণ



মোহাম্মদ শফিকুল আলম
প্রধান উপদেষ্টার প্রেস সচিব



আহমেদ আলী
প্রাক্তন সদস্য, এনবিআর



ব্রিগেডিয়ার জেনারেল শামীম আহমেদ
ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো



উম্মে রেহানা
যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ



আলিয়া মেহের
যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ



ড. মোঃ কামরুল হাসান
অধ্যাপক, বুয়েট



ড. আসিফ ইকবাল
উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



মোঃ শামসুল আলম
সদস্য, বিতরণ (অতিঃ দাঃ), বিপিডিবি



ওয়াসীম আলিম
সিইও, চালডাল

## ডিপিডিসি'র উন্নয়ন বিভাগের কার্যক্রম

ডিপিডিসি'র প্রধান প্রকৌশলী (উন্নয়ন) এর আওতায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন-১) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন-২) এর মাধ্যমে বিভিন্ন অবকাঠামোগত উন্নয়নের কাজ চলমান রয়েছে যার মধ্যে ১৩২কেভি ও ৩৩কেভি উপকেন্দ্র ও লাইন নির্মাণ, সংস্কার ও স্থানান্তর অন্তর্ভূক্ত।

রাজস্ব খাতের কাজের পাশাপাশি গ্রাহক বা অন্যান্য সংস্থার আবেদনের প্রেক্ষিতে ডিপোজিট ওয়ার্কের মাধ্যমে বিভিন্ন ধরণের কাজ চলমান রয়েছে। ১১কেভি এক্সপ্রেস ফিডার নির্মাণ, ফিডার বিভাজন, লাইন বর্ধিতকরণ, আরএমইউ স্থাপন, সড়ক উন্নয়ন বা অবকাঠামোগত কোন উন্নয়ন কাজের প্রয়োজনে ১৩২কেভি, ৩৩-কেভি, ১১কেভি লাইন স্থানান্তর, সোর্স লাইন পরিবর্তন ইত্যাদি কাজ উন্নয়ন বিভাগের মাধ্যমে সম্পন্ন হচ্ছে।





## ০১.০৭.২০২৩ খ্রি. হতে ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ডিপিডিসি'র মৃত্যুবরণকারী এমপ্লয়ীদের নামের তালিকা

| ক্র. নং | মৃত্যুবরণকারী এমপ্লয়ীদের নাম, পদবি | দপ্তর | মৃত্যুর তারিখ |
|---|---|---|---|
| ১ | মোঃ জালাল উদ্দিন, লাইনম্যান | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস পোস্তগোলা | ০৩.০৭.২০২৩ |
| ২ | মোঃ আহসান খান, মিটার রিডার | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস ধানমন্ডি | ০৩.০৭.২০২৩ |
| ৩ | মোঃ মনসুর রহমান, অফিস এ্যাসি: কাম কম্পি: অপা: | নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) | ২৭.০৭.২০২৩ |
| ৪ | মোঃ আনামুল হক, লাইনম্যান মেট | নির্বাহী প্রকৌশলী, গ্রিড (সাউথ-২) | ২৮.০৭.২০২৩ |
| ৫ | মোঃ মামুনুর রশিদ,অফিস সহায়ক | ডিজিএম (ফিন্যান্স), রেগুলেটরি অ্যাফেয়াস | ১২.০৮.২০২৩ |
| ৬ | মোঃ হাবিবুর রহমান, লাইনম্যান মেট | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস রাজারবাগ | ৩০.০৮.২০২৩ |
| ৭ | মোঃ সুজন আলী, লাইনম্যান মেট | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আদাবর | ১৬.০৯.২০২৩ |
| ৮ | আলমগীর হোসেন, সুইচবোর্ড অ্যাটেনডেন্ট | নির্বাহী প্রকৌশলী, গ্রিড (নর্থ-২) | ২৮.১০.২০২৩ |
| ৯ | মোঃ আমিনুল ইসলাম, মিটার রিডার | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস ডেমরা | ১১.১১.২০২৩ |
| ১০ | মোঃ নজরুল ইসলাম, ডেপুটি ম্যানেজার (ফিন্যান্স) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রিনিউয়েবল এনার্জি এন্ড রিসার্চ | ১৭.১১.২০২৩ |
| ১১ | মোঃ নুরুল ইসলাম হাওলাদার, অফিস সহায়ক | নির্বাহী প্রকৌশলী, মিটারিং (সাউথ) | ০৫.১২.২০২৩ |
| ১২ | মোঃ মোশারফ হোসেন, ফোরম্যান | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস নারায়ণগঞ্জ পূর্ব | ০৫.১২.২০২৩ |
| ১৩ | মোঃ রবিউল ইসলাম, লাইনম্যান | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস জুরাইন | ২০.১২.২০২৩ |
| ১৪ | মোঃ আব্দুল বাসিত মিয়া, ফোরম্যান | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আদাবর | ১৪.০১.২০২৪ |
| ১৫ | মোঃ জামাল উদ্দিন, সুইচবোর্ড অ্যাটেনডেন্ট | নির্বাহী প্রকৌশলী, গ্রিড (নর্থ-২) | ২২.০১.২০২৪ |
| ১৬ | সন্তোষ রোজারিও, ড্রাইভার | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস রাজারবাগ | ১২.০২.২০২৪ |
| ১৭ | আব্দুল মতিন হাওলাদার, সাব-অ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার | নির্বাহী প্রকৌশলী, ৩৩.১১ কেভি সাব-স্টেশন এন্ড লাইন, ডেভলপমেন্ট-২ | ০৯.০৩.২০২৪ |
| ১৮ | মোঃ রহমত উল্ল্যাহ, লাইনম্যান, | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস পোস্তগোলা | ২২.০৩.২০২৪ |
| ১৯ | শেখ মোস্তফা কামাল, লাইনম্যান মেট | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস মুগদাপাড়া | ২৭.০৩.২০২৪ |
| ২০ | মোঃ সামসুল হক চৌধুরী, লাইনম্যান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা | ০৫.০৪.২০২৪ |
| ২১ | মোঃ আব্দুল বাসেদ, ড্রাইভার | নির্বাহী প্রকৌশলী, গ্রিড (সাউথ-১) | ২৫.০৪.২০২৪ |
| ২২ | মোঃ অলিউল্লাহ মজুমদার, লাইনম্যান | নির্বাহী প্রকৌশলী, গ্রিড (নর্থ-২) | ২৬.০৪.২০২৪ |

# ডিপিডিসি'র নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত

ডিপিডিসি'তে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে গত ২৬ সেপ্টেম্বর অত্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবন ও ইনস্টিটিউট অব বিজনেস এডমিনিস্ট্রেশনে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এই নিয়োগের মাধ্যমে সহকারী ব্যবস্থাপক (এইচ আর), সহকারী ব্যবস্থাপক (অর্থ) এবং জুনিয়র সহকারী ব্যবস্থাপক (অর্থ) নিয়োগ প্রদান করা হবে।


প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে দক্ষ ও মেধাবী কর্মকর্তা নিয়োগ ডিপিডিসি'র জনবল সংকট এবং গ্রাহকসেবার মান বৃদ্ধিতে ভূমিকা রাখবে।




# এমপ্লয়িদের চিকিৎসা সেবা প্রদান

ডিপিডিসি'র চিফ মেডিকেল অফিসারের দপ্তরকর্তৃক প্রতি মাসে এনওসিএস দপ্তরগুলোতে দুইটি মেডিকেল টিমের মাধ্যমে ক্যাম্প আয়োজন করে এমপ্লয়িদের চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে।

সর্বশেষ গত ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখে এনওসিএস নারায়ণগঞ্জ পূর্ব ও পশ্চিম দপ্তরে চিকিৎসা সেবা প্রদান করা হয় হয়। সেখানে মোট পঁচাত্তর জন এমপ্লয়িকে চিকিৎসা সেবা প্রদান ও একইসাথে ব্লাড সুগার ও ব্লাড প্রেসার স্ক্রিনিং করা হয়। উক্ত মেডিকেল ক্যাম্পে সেবা গ্রহণকারী রোগীদের রোগের ধরন ও জেন্ডারভিত্তিক তথ্য নিম্নরূপঃ




উল্লেখ্য, ডিপিডিসি'র এমপ্লয়িগনের স্বাস্থ্য সুরক্ষার গুরুত্ব বিবেচনায় ডিপিডিসির সাথে পাঁচটি কর্পোরেট হাসপাতালের (ল্যাব এইড, আসগর আলী, ইউনাইটেড, এভারকেয়ার ও বাংলাদেশ স্পেশালাইজড) অগ্রাধিকার ভিত্তিতে চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত চুক্তি রয়েছে। এই চুক্তির ফলে, ডিপিডিসি'র কর্মকর্তা-কর্মচারীগণ এবং তাদের পোষ্যগণ (বাবা-মা, সন্তান, স্বামী/স্ত্রী) উক্ত হাসপাতালগুলো থেকে অগ্রাধিকার ভিত্তিতে এবং বিশেষ ডিস্কাউন্টে চিকিৎসা সুবিধা পেয়ে থাকেন। চুক্তি অনুসারে হাসপাতালগুলো থেকে ডিপিডিসি'র এমপ্লয়িগন ডিস্কাউন্টে সকল প্যাথলজিক্যাল, রেডিওলজি ও ইমেজিং সেবা গ্রহণ করতে পারেন।

এছাড়াও, বিদ্যমান চুক্তির বাইরে নতুন করে আরো দুইটি হাসপাতাল (মেডিক্স ধানমন্ডি ও বি আর বি হাসপাতাল)'র সাথে চুক্তি সম্পাদনের উদ্যোগ নেয়া হয়েছে। ভবিষ্যতে ডিপিডিসি'র সকল এমপ্লয়ির জন্য ভ্যাক্সিনেশন ও স্ক্রিনিং প্রোগ্রামের আয়োজন করার পরিকল্পনা রয়েছে।





*ডিপিডিসি মেডিকেল টিম কর্তৃক চিকিৎসা সেবা প্রদান*


**সম্পাদক : শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি

ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯, Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.gov.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।